**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**10 OCTOBER 2025** **7:45 PM IST**

==========================================================================

রাজ্য পর্যায়ের নিযুক্তি বোর্ড আয়োজিত ৭ হাজার ৬শো ৫০টি তৃতীয় শ্রেণীর পদের জন্য অনুষ্ঠিত পরীক্ষার ফল আজ ঘোষণা করা হয়েছে । আজ সকাল সাড়ে দশটায় বেশ কয়েকটি ওয়েব সাইটে এক যোগে এই পরীক্ষার ফলাফল ঘোষণা করা হয়েছে । ফল ঘোষণার পূর্বে তৃতীয় শ্রেণীর পদের জন্য গঠন করা রাজ্য পর্যয়ের নিযুক্তি কমিশন আসাম প্রশাসনীয় পদাধিকারী মহাবিদ্যালয়ে একটি সাংবাদিক সম্মেলকে সম্মোধন করে । কমিশনের অধ্যক্ষ তথা রাজ্য সরকারের আতিরিক্ত মুখ্য সচিব অজয় তেওয়ারী সাংবাদিকদের সম্মোধন করে বলেন যে অবাধ ও স্বচ্ছ প্রক্রিয়া বজায় রেখে লিখিত পরীক্ষা এবং দক্ষতার ভিত্তিতে আজ এই ৭ হাজার ৬শো ৫০টি তৃতীয় শ্রেণীর পদের ফলাফল ঘোষণা করা হয়েছে ।

শ্রী তেওয়ারী জানান যে রাজ্য সরকারের ৫টি বিভাগ নিজ নিজ বিভাগের অধীনে শূন্য পদের তালিকা কমিশনের কাছে প্রেরণ করেছিল । ওই বিভাগগুলি থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কমিশন শূন্য পদের সংখ্যা জানিয়ে বিজ্ঞাপন প্রকাশ করেছিল । আজ ফলাফল ঘোষণার পর উত্তীর্ণ প্রার্থীরা ৫০টি বিভাগে নুযুক্তি লাভ

করবেন । এরমধ্যে কৃষি বিভাগে সর্বাধিক ১ হাজার ৮শো ৫০টি , পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগে ৮শো ৭৩টি এবং বিদ্যালয় শিক্ষা বিভাগে ৫শো ৮১টি পদ শূন্য রয়েছে ।

একই সঙ্গে আজ আসাম পুলিশের ১শো ৪৪টি উপ-পরিদর্শকের পদ , আসাম পুলিশের অনাতার সংগঠনের ৭টি উপ-পরিদর্শক , আসাম কামান্ডো ব্যাটেলিয়ানের ৫১টি উপ-পরিদর্শক এবং ১শো ৬৪টি কনষ্টেবল পদ সহ অন্যান্য কয়েকটি পদের জন্য আয়োজিত পরীক্ষা সমূহের ফলাফলও ঘোষণা করা হয়েছে । এদিকে গৌহাটি হাইকোর্ট গতকাল কনষ্টেবল পদের ওপর থেকে স্থগিতাদেশ প্রত্যহার করে নেওয়ার পরিপ্রেক্ষিতে আরো ৫ হাজার ৬শো ১৪টি পদের পরীক্ষার ফলাফলও আগামীকাল বেলা সাড়ে ১১টায় ঘোষণা করা হবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা জানিয়েছেন । চতুর্থ শ্রেণীর পদের জন্য আয়োজিত পরীক্ষার ফল আগামী ১৫ অক্টোবর ঘোষণা করা হবে বলেও জানানো হয়েছে ।

---

সিংগাপুরে জুবিন গার্গের রহস্যজনক মৃত্যুর ঘটনার তদন্তকারী গোষ্ঠী আজ শিল্পীর দেহরক্ষী নন্দেশ্বর বরা ও পরেশ বৈশ্যকে গ্রেপ্তার করেছে । গ্রেপ্তারের পর বিশেষ তদন্তকারী দল দুজনকে কামরূপ মহানগর জেলা মূখ্য ন্যায় দন্ডাধীশের আদালতে হাজির করে । আদালত অভিযুক্ত দেহরক্ষীদের ৫ দিনের জন্য তদন্তকারী গোষ্ঠীর জিম্মায় প্রেরণ করেছে । দুই দেহরক্ষী নন্দেশ্বর বরা ও পরেশ বৈশ্যের ব্যাঙ্ক একাউন্টের মাধ্যমে বিগত বছরে কোটি টাকার লেনদেন হয়েছিলো । সেসম্পর্কে তদন্তকারী দল বেশকয়েকদিন ধরে জিজ্ঞাসাবাদের পর আজ দুজনকে গ্রেপ্তার করেছে । উল্লেখ্য নন্দেশ্বর বরা ২০১৮ সাল থেকে এবং পরেশ বৈশ্য ২০২৩ সাল থেকে জুবিন গার্গের দেহরক্ষী হিসেবে নিযুক্ত ছিলেন ।

---

এদিকে জুবিন গার্গের মৃত্যুর ঘটনার তদন্তে সহযোগীতা করার পরিপ্রেক্ষিতে বিশেষ অনুসন্ধানকারী গোষ্ঠী সিংগাপুরের আসাম এসোসিয়েশনের ১০ জন সদস্যকে নতুন করে সমন জারী করেছে । প্রথম অবস্থায় এস আই টি আসাম এসোসিয়েশনের ৮ জনকে সমন জারী করলেও  এরমধ্যে শুধুমাত্র রূপকমল কলিতাই গত মঙ্গলবার এস আই টির সামনে হাজির হয়েছিল । জিজ্ঞাসাবাদের  সময় কলিতা পুলিশকে তদন্তে সহযোগীতার আশ্বাস দিয়েছে । এদিকে এস আই টি কলিতাকে জিজ্ঞাসাবাদের  পর দূর্ঘটনা সম্পর্কে অনেক নতুন তথ্য লাভ করেছে । বিশেষ করে সিংগাপুরের সমুদ্রে যাবার সময় ইয়েটে জুবিন গার্গের সঙ্গে ৮ জনের পরিবর্তে মোট ১০ জন প্রবাসী অসমীয়া ছিলো বলে তথ্য পাওয়া গেছে । এরমধ্যে একজন নলবারীর টিহুর সুস্মিতা গোস্বামী বলে  জানা গেছে । তিনি বর্তমানে সিংগাপুরে শিক্ষা গ্রহণের জন্য রয়েছেন । এদিকে এস আই টি গতকালও এই ঘটনা সম্পর্কে বিশিষ্ট সাউন্ড ইঞ্জিনিয়ার দিগন্ত শর্মা , নর্থ-ইস্ট ফেস্টিভেলের জনসংযোগ আধিকারিক অনুজ কুমার বরুয়া , যন্ত্র শিল্পী পার্থপ্রতিম গোস্বামী সহ বেশকয়েকজন লোকের ভাষ্য গ্রহণ করেছে ।

---

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বলেছেন যে মহিলা উদ্যমিতা প্রকল্পটি আসামের মাতৃ জাতির প্রতি রাজ্য সরকারের মর্যাদা , সম্মান এবং স্নেহের প্রতীক । আজ ডিব্রুগড়ে আয়োজিত এক বিশাল জনসমাবেশে এই প্রকল্পের অধীনে চেক বিতরণ কার্যসূচির শুভারম্ভ করে ভাষণ প্রসঙ্গে ডক্টর শর্মা এই মন্তব্য করেন । তিনি বলেন যে ২০২০ সাল থেকে রাজ্যে অব্যাহত থাকা অরুণোদয় প্রকল্প সম্পর্কে সমগ্র রাজ্যবাসী অবগত রয়েছেন । আসাম

অরুণোদয় প্রকল্প আরম্ভ করার পর চত্তিশগড় , মধ্যপ্রদেশ , কর্ণাটক এবং মহারাষ্ট্র সরকারও অনুরূপ প্রকল্প রূপায়ন করার সিদ্ধান্ত নিয়েছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে পশ্চিমবঙ্গ সরকারও আসামের অরুণোদয় প্রকল্পের অনুকরণে লক্ষীভাণ্ডার নামে একটি প্রকল্প সেখানে বাস্তবায়িত করেছে । তিনি বলেন যে নারী শক্তির মর্যাদা এবং মহিলা সাবলীকরণের বিষয়টির প্রতি লক্ষ্য রেখে রূপায়ণ করা অরুণোদয় প্রকল্পের ন্যায় আসাম সরকার মহিলা উদ্যমিতা অভিযান নামে এই নতুন প্রকল্পটি আরম্ভ করেছে । মুখ্যমন্ত্রী বলেন যে আসামের মহিলারা আজ এক জাগ্রত শক্তিতে রূপান্তরিত হয়েছে । বর্তমানে আসামের ৪০ লক্ষ মহিলা স্বনির্ভর গোষ্ঠীর সঙ্গে যুক্ত রয়েছেন এবং এই ৪০ লক্ষ স্বনির্ভর গোষ্ঠীই রাজ্যে সক্রিয় রয়েছে । অরুণোদয় প্রকল্পের আর্থিক সহায়তা যেভাবে বৃদ্ধি পেয়ে চলেছে একই ভাবে মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে প্রদেয় আর্থিক সহায়তার পরমাণও বৃদ্ধি পাবে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে মহিলারা এই অর্থ সঠিকভাবে ব্যবহার করলে ভবিষ্যতে তারা আরো বেশি আথি ´ক সহায়তা লাভ করবেন ।

---

আসাম সরকারের সাংস্কৃতিক সঞ্চালকালয় ২০২৫-২৬ বর্ষের জন্য আহ্বান জানানো আসাম শিল্পী পেনশন ও বিশেষ পরিবার পেনশন তথা বার্ষিক শিল্পী সম্মানের জন্য আবেদনের দিন বৃদ্ধি করেছে । আগে ১০ অক্টোবরের মধ্যে পেনশনের জন্য আবেদন দাখিল করতে বলা হলেও সম্প্রতি অনলাইন আবেদন পত্র দাখিলের শেষ দিন ২০ অক্টোবর পর্যন্ত পিছিয়ে দেওয়া হয়েছে । আগ্রহী ব্যাক্তিরা ২০ অক্টোবর রাত ১২ টার মধ্যে অনলাইনের মাধ্যমে আবেদন করতে পারবেন ।

---

আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড.রাজীব মোহন পন্থকে ন্যাশনেল এসেসমেন্ট অ্যান্ড এক্রেডিশন কাউন্সিল (ন্যাক ) এর কার্যকরী সমিতির সদস্য হিসেবে মনোনীত করা হয়েছে। বিশ্ব বিদ্যালয় মঞ্জুরী কমিশন ( ইউ জি সি ) র চেয়ারম্যান তথা ন্যাকের সাধারণ পরিষদের সভাপতি শ্রী পন্থকে মনোনীত করেন ।

---

আসাম সরকারের শুশ্রষা সেতু প্রকল্পের অধীনে শ্রীভূমি জেলার রামকৃষ্ণ নগর কলেজে আজ সকাল ৯টা থেকে বিধানসভা পর্য্যায়ের মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়েছে । শিবিরে শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং করিমগঞ্জ সিভিল হাসপাতালের ৩০ জন বিশেষজ্ঞ চিকিৎসক প্রায় পাঁচ হাজার রোগীর স্বাস্থ্য পরীক্ষা করেন । শিবির পরিদর্শন করে বিধায়ক বিজয় মালাকার এই মেগা স্বাস্থ্য শিবির দুস্থ জনসাধারনের স্বাস্থ্য সেবার মান উন্নয়নে সহায়ক হবে বলে আশা প্রকাশ করেছেন ।

---

আত্ম-নির্ভর ভারত নির্মানের লক্ষ্যে প্রধানমন্ত্রী ধন ধান্য যোজনা এবং শস্য জাতীয়  অভিযানের মতো প্রকল্প গ্রহন করা হয়েছে বলে কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যান মন্ত্রী শিবরাজ সিং চৌহান জানিয়েছেন । উল্লেখ্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নতুন দিল্লীর ভারতীয় কৃষি বিজ্ঞান প্রতিষ্ঠানের প্রাঙ্গন থেকে প্রধানমন্ত্রী ধনধান্য যোজনা এবং শস্য জাতীয়  অভিযানের সূচনা করবেন ।  এক সাক্ষাৎকার কৃষি মন্ত্রী শ্রী চৌহান জানান যে প্রধানমন্ত্রী ধন ধান্য যোজনার অধীনে একশটি কম শস্য উৎপাদিত জেলাকে

সনাক্ত করা হবে এবং জেলাগুলিতে উৎপাদন বৃদ্ধির ব্যবস্থা করা হবে এবং শস্য জাতীয় উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে এই অভিযান আরম্ভ করা হবে ।

এদিকে আগামীকাল ১০টায় শ্রীভুমি জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে প্রধানমন্ত্রী ধন ধান্য কৃষি যোজনার সরাসরি সম্প্রচার অনুষ্ঠান দেখানো হবে ।

---

হাইলাকান্দি জেলা পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে হাইলাকান্দি শহরের নিকটবর্তী নিশ্চিন্তপুর পার্ট-টুতে অভিযান চালিয়ে একটি সাবানের কৌটা থেকে ১৪ গ্রামেরও অধিক হেরোইন উদ্ধার করতে সক্ষম হয়েছে । পুলিশ এই ঘটনার সঙ্গে যূক্ত থাকার অভিযোগে সামসুল হক বড়ভুইয়া এবং সেলিম উদ্দিন চৌধুরী নামের দু জন ব্যক্তিকে আটক করেছে এবং তদন্ত শুরু করেছে বলে আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন ।

---

হাইলাকান্দি জেলার সামাজিক সংস্থা ফ্রেন্ডস ফর এভার-এর পক্ষ থেকে গতকাল হাইলাকান্দির জেলা আয়ুক্তের সঙ্গে সাক্ষাৎ করে মিজোরামে প্রবেশের জন্য হাইলাকান্দি শহরে একটি ইনার লাইন পারমিট কেন্দ্র স্থাপনের দাবী জানানো হয়েছে । মিজোরামের পর্য্যটন শিল্পকে সুগম করতে এবং হাইলাকান্দি জেলার স্থানীয় অর্থনীতির উন্নয়নের স্বার্থে ইনার লাইন পারমিট কেন্দ্র হাইলাকান্দিতে স্থাপনের কথা স্মারক পত্রে উল্লেখ করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলার ভারতীয় জনতা যুব মোর্চার সভাপতি হিসেবে সানি বিশ্বাসকে  নিযুক্তি দেওয়া হয়েছে । ভারতীয় জনতা যুব মোর্চার আসাম প্রদেশ সভাপতি রাকেশ দাস , সানি বিশ্বাসের নিয়োগ পত্র জারী করেছেন । উল্লেখ্য যুব মোর্চার নতুন সভাপতি সানি বিশ্বাসকে আগামী তিন বছরের জন্য মনোনীত করা হয়েছে ।

---

৪০ তম জাতীয় জুনিয়র এথলেটিক্স প্রতিযোগীতায় আসামের প্রিয়ানুজ বরুয়া ব্রোঞ্জের পদক অর্জন করেছে । ১৪ বছর অনূর্ধ্ব ছেলেদের ট্রাইথলম ইভেন্টে প্রিয়ানুজ এই সফলতা লাভ করেছে । ভুবনেশ্বরের কলিঙ্গ স্টেডিয়ামে আজ জাতীয় জুনিয়র এথলেটিক্স প্রতিযোগীতা আরম্ভ হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা ক্রিড়া সংস্থার উদ্যোগে আয়োজিত সিনিয়র ডিভিশন লীগ কাম নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের প্রথম সেমি-ফাইনাল খেলায় স্পোর্টিং ইউনিয়ন ক্লাব ৩-২ গোলে ব্লাড মাউথ এথেলেটিক ক্লাবকে পরাজিত করে । স্থানীয় নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার দ্বিতীয় সেমি-ফাইনালের আগামীকালের খেলায় চন্দ্রপুর এফ সি এবং ইয়ং স্টার ক্লাব পরস্পরের মূখোমূখি হবে ।

---

---